গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
এফ-৫, আগারগাঁও, প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
website: bfa.gov.bd, e-mail-
dg@bfa.gov.bd

----

| | |
|---|---|
| সভাপতি | ফারহানা রহমান<br>পরিচালক |
| সভার তারিখ | **১২ সেপ্টেম্বর ২০২৪** |
| সভার সময় | বিকাল ০৩.৩০ টা |
| স্থান | দপ্তরের সভাকক্ষ |
| উপস্থিতি | তালিকানুয়ায়ী। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ১ম সভার কাজ শুরু করেন। ২০২৪-২৫ অর্থবছরে প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক আয়োজিত সভায় সিটিজেনস্ চার্টার পরিবীক্ষণ কমিটিকে তিনি স্বাগত জানান। তিনি বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ মোতাবেক ও প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী সিটিজেনস্ চার্টার বিষয়ক ত্রৈমাসিক রিপোর্ট মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হয়। সে মোতাবেক বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচকের মান অনুযায়ী কমপক্ষে ১০টি পন্য/সেবা সিটিজেনস্ চার্টার অনুযায়ী সেবা প্রদান করা হয়েছে কিনা তা পরিবীক্ষণ করে এ সংক্রান্ত প্রতিবেদন ত্রৈমাসিকভিত্তিতে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। সে লক্ষ্যে কমপক্ষে ১০টি পণ্য/সেবা সিটিজেনস্ চার্টার অনুযায়ী প্রদান করা হয়েছে কিনা তা পরিবীক্ষণ করে এ সংক্রান্ত প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা হয়। বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) হতে ১০টি পণ্য/সেবা দৈবচয়নের ভিত্তিতে নির্বাচন করে উপস্থিত সকলকে অবগত করা হয়। সেবাসমূহ নিম্নরূপ:

| ক্রম নং | সেবার নাম | প্রাপ্ত ফলাফল |
|---|---|---|
| ১. | লাইব্রেরি সদস্যপদ | প্রতিজন/ব্যক্তি সরকার নির্ধারিত হারে ফি (২০০/- টাকা) প্রদান করে লাইব্রেরির সদস্য হতে হবে। লাইব্রেরি থেকে কোন ধরনের গ্রন্থ সামগ্রী/বই ধার প্রদান করা হয় না। গত তিনমাসে ০৩ টি নতুন লাইব্রেরি সদস্যপদ প্রদান করা হয়েছে। |
| ২. | অডিটোরিয়াম, প্রজেকশন হল এবং সেমিনার হল ভাড়া | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের **অডিটরিয়াম, প্রজেকশন হল ও সেমিনার হল ব্যবহার নীতিমালা-২০২০** অনুযায়ী পরিচালিত ও ভাড়া প্রদান করা হয়। আবেদনের প্রেক্ষিতে গত তিনমাসে ০২ দিন হল ভাড়া প্রদান করা হয়েছে। |
| ৩. | চলচ্চিত্র জার্নাল ও অন্যান্য প্রকাশনা বিক্রয় | চলচ্চিত্র বিষয়ক জার্নাল ও গ্রন্থ প্রকাশ করা হয়ে থাকে। এসকল প্রকাশিত গ্রন্থ ও জার্নাল অনলাইনের মাধ্যমে (http://book.bfa.gov.bd) ও দপ্তরের লাইব্রেরি শাখা থেকে ক্রয় করা যেতে পারে। সে অনুযায়ী নিয়মিত সেবা প্রত্যাশীদের সেবা প্রদান করা হচ্ছে। গত তিনমাসে ২৫ টি গ্রন্থ ও জার্নাল অফলাইনে বিক্রয় হয়েছে। মোট ৯,০০০/- টাকার চলচ্চিত্র জার্নাল ও অন্যান্য প্রকাশনা বিক্রয় হয়েছে। |

| | | |
|---|---|---|
| ৪. | নন-কপিরাইট আইটেম সরবারহ | ডিজিটাল ফরমেটে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সংগৃহীত পূর্ণদৈর্ঘ্য, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, প্রামাণ্যচিত্র, তথ্যচিত্র এবং সংবাদচিত্র ইত্যাদি সিডি, ডিভিডি, হার্ডড্রাইভে বা পেনড্রাইভে প্রদান করা হয়।<br>সরকারী নির্ধারিত নিম্নবর্ণিত মূল্যে পরিশোধ সাপেক্ষে নন-কপিরাইট আইটেম সরবারহ করা হয় -<br>ক. ৩০ মিনিট পর্যন্ত ১০০০/-(এক হাজার) টাকা,<br>খ. ৩০ মিনিট থেকে ১ ঘন্টা পর্যন্ত ২০০০/-(দুই হাজার) টাকা ।<br>গ. ১ ঘন্টা থেকে ৩ ঘন্টা পর্যন্ত ৫০০০/-(পাঁচ হাজার) টাকা ।<br>আবেদনের প্রেক্ষিতে গত তিনমাসে ০৩ টি নন-কপিরাইট আইটেম সরবারহ হয়েছে।<br>আবেদনের প্রেক্ষিতে মোট ১০,০০০/- টাকার নন-কপিরাইট আইটেম বিক্রয় হয়েছে। |
| ৫. | কপিরাইট আইটেম সরবারহ | স্বত্বাধিকারীর অনুমতি সাপেক্ষে ডিজিটাল ফরমেটে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সংগৃহীত পূর্ণদৈর্ঘ্য, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, প্রামাণ্যচিত্র, তথ্যচিত্র এবং সংবাদচিত্র ইত্যাদি সিডি, ডিভিডি বা পেনড্রাইভে প্রদান করা হয়।<br>সরকারী নির্ধারিত নিম্নবর্ণিত মূল্যে পরিশোধ সাপেক্ষে -<br>ক. ৩০ মিনিট পর্যন্ত ১০০০/- (এক হাজার) টাকা প্রদান সাপেক্ষে।<br>খ. ৩০ মিনিট থেকে ১ ঘন্টা পর্যন্ত ২০০০/-(দুই হাজার) টাকা প্রদান সাপেক্ষে।<br>গ. ১ ঘন্টা থেকে ৩ ঘন্টা পর্যন্ত ৫০০০/-(পাঁচ হাজার) টাকা প্রদান সাপেক্ষে কপিরাইট আইটেম সরবারহ করা হয়।<br>আবেদনের প্রেক্ষিতে এবং স্বত্বাধিকারীর অনুমতি সাপেক্ষে গত তিনমাসে ০২টি কপিরাইট আইটেম সরবারহ হয়েছে যার আর্থিক মূল্য ৩,০০০/- টাকা। |
| ৬. | অর্জিত ছুটির আবেদন অগ্রায়ন (বহি:বাংলাদেশ ৩মাস পর্যন্ত) | আবেদন পাওয়ার পর উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনের জন্য অগ্রায়ণ করে থাকে। অগ্রায়ণ মঞ্জুরের পর সংশ্লিষ্টদের অবহিতকরণ বা জিও জারি করা হয়। আবেদনের প্রেক্ষিতে গত তিনমাসে নতুন ০১ টি আবেদন অগ্রায়ন করা হয়েছে। |
| ৭. | ইন্টারনেট সংযোগ এবং তদারকি | দপ্তরে বিদ্যমান সকল কম্পিউটারে ইন্টারনেট সংযোগ ও ওয়াই-ফাই সুবিধা প্রদান করা হয়েছে। নিয়মিতভাবে ইন্টানেট স্পীড ও কারিগরী বিষয়াদি পর্যক্ষেণ করা হয়। |
| ৮. | সাধারণ ভবিষ্যৎ তহবিল হতে অগ্রিম মঞ্জুরির আবেদন অগ্রায়ন | আবেদন পাওয়ার পর উপযুক্ত কর্তৃপক্ষের (প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অনুযায়ী) অনুমোদনের জন্য অগ্রায়ণ করে থাকে। অগ্রায়ণ মঞ্জুরের পর সংশ্লিষ্টদের অবহিতকরণ করা হয়। আবেদনের প্রেক্ষিতে গত তিনমাসে নতুন ০৭টি আবেদন অগ্রায়ন করা হয়েছে। |
| ৯. | সাপ্তাহিক চলচ্চিত্র প্রদর্শন | সংগৃহীত চলচ্চিত্র পূর্ণদৈর্ঘ্য, স্বল্পদৈর্ঘ্য, প্রামাণ্যচিত্র, তথ্যচিত্র, সংবাদচিত্র ও ডিজিটাল ফরমেটে চলচ্চিত্র সপ্তাহে একদিন করে প্রদর্শন করা হয়। এছাড়াও বিশেষ দিন/দিবসে সর্বসাধারণের জন্য বিনামূল্যে চলচ্চিত্র দেখানো হয়।<br>গত তিনমাসে ১২ টি চলচ্চিত্র প্রদর্শন করা হয়েছে। |
| ১০. | পোস্টার ও স্থিরচিত্রের ব্যবহার | সংরক্ষিত পুরনো ছায়াছবির বিভিন্ন পোস্টার, ফটোসেট ও স্থিরচিত্র ইত্যাদি স্ক্যান কপি প্রদান করা হয়। সরকারি নির্ধারিত হারে (প্রতি কপি পোস্টার ৩০০/- টাকা এবং স্থিরচিত্র প্রতি কপি ১০০/- টাকা) সার্ভিস চার্জ প্রদান করতে হয়। গত তিনমাসে ০১টি পোস্টার আবেদনের ভিত্তিতে সরবারহ করা হয়েছে। |

সর্বসম্মতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

০১. সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) হতে ১০টি পণ্য/সেবা দৈবচয়নের ভিত্তিতে নির্বাচন করে সর্বসম্মতভাবে গৃহীত হলো।

০২. দপ্তরের পরিবীক্ষণ কমিটি কর্তৃক কমপক্ষে ১০টি পণ্য/সেবা দৈবচয়নের ভিত্তিতে নির্বাচন করে মূল্যায়নপূর্বক অর্থাৎ ১০টি সেবাসমূহের উপর কি কি কার্যক্রম গৃহীত হয়েছে তার বস্তুনিষ্ঠ ০৪টি প্রতিবেদন প্রশাসনিক মন্ত্রনালয়ে প্রেরণ করবে। এর ধারাবাহিকতায় আজকের সভার প্রতিবেদন প্রেরণ করতে হবে।

০৩. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৪-২৫ কর্মপরিকল্পনা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক সভা/কর্মশালা/প্রশিক্ষণের আয়োজন করতে হবে।

০৪. পরিবীক্ষণ কমিটি দাপ্তরিক সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিকভিত্তিতে গঠন/সংশোধন/পরিবর্তন করে হালনাগাদ প্রশাসনিক মন্ত্রনালয়ে প্রেরণে এবং ওয়েবসাইটে প্রকাশ করবে।
০৫. বাংলাদেশ ফিল্ম আর্কাইভের অডিটোরিয়াম, প্রজেকশন হল এবং সেমিনার হল ভাড়া প্রদান সংক্রান্ত আর্থিক তথ্যাদি সংযোজন করে হালনাগাদ করার বিষয়ে সিদ্ধান্ত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩-০৯-২০২৪
ফারহানা রহমান
পরিচালক

তারিখ: ৮ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
২৩ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ১৫.৫৮.০০০০.১০৮.০৪.৪৪১.০৭.৫২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক, পরিচালক-এর দপ্তর, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ;
২। উপপরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ ফিল্ম আর্কাইভ;
৩। উপপরিচালক(লাইব্রেরি ও গবেষণা), বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।;
৪। প্রশাসনিক কর্মকর্তা (চলতি দায়িত্ব), প্রশাসন শাখা, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ;
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং
৬। অফিস নথি।

২৩-০৯-২০২৪
স্মিতা বড়ুয়া
উপসহকারী প্রকৌশলী-২